ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮০৯
আগরতলা,১০ সেপ্টেম্বর,২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

‘‘মুখ থুবড়ে পড়েছে স্বাস্থ্য পরিষেবা বিনা চিকিৎসায় ফের মৃত্যু সাপে কামড়ানো রোগিণীর,’’ এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ৯ সেপ্টেম্বর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, গোমতী জেলা হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, সংশ্লিষ্ট কর্তব্যরত মেডিক্যাল অফিসার এবং নার্সিং অফিসারদের জমা দেওয়া তথ্যভিত্তিক রিপোর্ট ও বেড হেড টিকিটের রেকর্ড অনুযায়ী, উদয়পুরের বাঁশখেতস্থিত মুড়াপাড়ার বাসিন্দা, মায়া রাণী সূত্রধর(৮০) নামে এক মহিলা গত ৭ সেপ্টেম্বর, ২০২৫ রাত প্রায় ৯টা নাগাদ গোমতী জেলা হাসপাতালে ভর্তি হন। এরপর তার চিকিৎসা শুরু করা হয় এবং তার নিউরোটক্সিসিটির লক্ষণগুলি বিকশিত হলে তাকে অ্যান্টি-স্নেক ভেনমও দেওয়া হয়। রোগীনিকে উন্নত চিকিৎসার জন্য ঐদিনই রাত ১১টা ৫৫মিনিট নাগাদ আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে স্থানান্তর করা হয়।

জেলা হাসপাতালের লিফট প্রসঙ্গে জানানো হয়েছে যে গত ৭ সেপ্টেম্বর, ২০২৫ সন্ধ্যায় কম ভোল্টেজের কারণে লিফটি বন্ধ হয়ে যায়। বর্তমানে লিফটি সচল রয়েছে। এছাড়াও, জেলা হাসপাতালের অ্যাম্বুলেন্স পরিষেবার বিষয়ে জানানো হয়েছে যে, উক্ত সময়ে দুটো অ্যাম্বুলেন্সই অন্য রোগীদের রেফার করার কাজে ব্যস্ত ছিল।

*****